

**ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ**  
**বড়লেখা শাখা, হাজী মনিরউদ্দিন শপিং সিটি, থানা- বড়লেখা, জেলা- মৌলভীবাজার**

**অর্থক্ষণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের বিজ্ঞপ্তি**

এতদ্বারা সর্বসাধারনের অবগতির জন্য জানানো যাইতেছে যে, মের্সাস মায়া চাউলের আড়ৎ এবং কাঠ কয়েল স্টোর এর স্বত্ত্বাধিকারী জনাব জসিম উদ্দিন বাবলু, পিতা: মৃত মস্তাকিন আলী, ঠিকানা- দাসেরবাজার, থানা- বড়লেখা, জেলা- মৌলভীবাজার, এবং গ্রাম: তালিমপুর, পো: তালিমপুর, থানা: বড়লেখা, জেলা: মৌলভীবাজার কর্তৃক ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, বড়লেখা শাখা হইতে গৃহীত খণ্ডের জামানত হিসাবে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি রেজিস্ট্রির বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রির আমমোক্তার দলিলমূলে আদালতের আদেশ ছাড়াই উহা বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে। খণ্ডগৃহীতা মঙ্গলীপত্রের শর্ত মোতাবেক খণ্ড পরিশোধ না করায় বিগত ৩১/১২/২০১৫ ইং তারিখ পর্যন্ত খন হিসাবে বকেয়া স্থিতি বাবদ ব্যাংকের পাওনা মোট ১১,৭১,৬৩৯/- (এগারো লক্ষ একাত্তর হাজার ছয়শত উনচালিশ টাকা) টাকা সহ অন্যান্য আনুসংগঠিত খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্ত নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্ণাঙ্গ ঠিকানা উল্লেখ পূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

**বন্ধকী সম্পত্তির তফসিল**

জেলা- মৌলভীবাজার, থানা ও সাবরেজিস্ট্রী অফিস- বড়লেখা, মৌজা-বদরমালা, জে.এল. নং- ৭৪, খতিয়ান নং-১৭, নামজারী খতিয়ান নং-১৭/৩, দাগ নং- ৬৫৬, মোট জমির পরিমাণ ২১ (একুশ) শতাংশ।

**নিলামের শর্তাবলী**

- (১) আগামী ০৮/০২/২০১৬ ইং বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, বড়লেখা শাখা, মৌলভীবাজার এ রাখিত বাক্সে সরাসরি অথবা রেজিস্ট্রির ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৪.০০ টার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।
- (২) প্রত্যেক দরপত্রাতাকে উদ্ভৃত দর এর ১৫% এর সমপরিমাণ টাকা জামানত স্বরূপ, ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার এর মাধ্যমে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, বড়লেখা শাখা, মৌলভীবাজার এর অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।
- (৩) উদ্ভৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে প্রথম সর্বোচ্চ দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে এবং তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াও হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রাতার জামানত বাজেয়াও হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রাতাকে সম্পত্তি ক্রয়ে আহবান করিতে পারিবেন।
- (৪) দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।
- (৫) ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকূলে নিলামকৃত সম্পত্তি রেজিস্ট্রি দলিলমূলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন- রেজিস্ট্রেশন ফি, ষ্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রযোজ্য শুল্ক প্রভৃতি এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের যথা- পৌরসভা, ওয়াসা, পি.ডি.বি./পঞ্চী বিদ্যুৎ, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদী সহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা দরদাতাকেই বহন করিতে হইবে।
- (৬) দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, প্রকার, অবস্থান, স্বত্ত্বের দলিল ইত্যাদী সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হইবে না।
- (৭) দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহনে ইচ্ছুক ব্যক্তিগণকে বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।
- (৮) ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শনো ব্যতিরেকেই যে কোন দরপত্র বা সকল দরপত্র গ্রহণ বা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষন করিবেন।

ব্যবস্থাপক, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, বড়লেখা শাখা, মৌলভীবাজার।